## কালিয়াকৈরে ফিলিং স্টেশনকে জরিমানা

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

জ্বালানি তেল মাপে কম দেওয়ায় এবং ওজন পরিমাণ মানদন্ডের লাইসেন্স নবায়ন না থাকায় গাজীপুরের কালিয়াকৈরে উপজেলার গোয়ালবাথান এলাকায় তুরাগ ফিলিং স্টেশনকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার বিকালে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ওই প্রতিষ্ঠানকে জরিমানা ধার্য করা হয়। ভ্রাম্যমান আদালত সূত্রে জানা যায়, ওজন ও পরিমাণ মানদন্ড আইন ৪৮ ধারায়,তুরাগ ফিলিং স্টেশনের ওজন পরিমান মানদন্ড লাইসেন্স নবায়ন না থাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ওই প্রতিষ্ঠানকে পাঁচ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

## নোয়াখালীতে বজ্রপাতে নিহত ৩

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর তিন উপজেলায় গত ২৪ ঘণ্টায় পৃথক বজ্রপাতে তিনজন নিহতের খবর পাওয়া গেছে। নিহতরা হলেন- নোয়াখালী কবিরহাট উপজেলার মো. আয়মান (৯), হাতিয়ার আরাফাত (২১) এবং সুবর্ণচরের তানজিলা আক্তার (১৭)।

মঙ্গলবার সকাল ৭টার দিকে সুবর্ণচর উপজেলার চরআমান উল্যাহ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের নয়াপাড়া গ্রামে বজ্রপাতে তানজিলা আক্তার নামে এক মাদ্রাসা শিক্ষার্থীর মৃত্যু হয়। তিনি ওই এলাকার শেখ মোজাম্মেল সেন্টুর মেয়ে এবং ইসমাইল ফাজিল মাদ্রাসার আলিম প্রথম বর্ষের শিক্ষার্থী। সকালে বাড়ির পাশে হাঁটার সময় বজ্রপাতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। উল্লেখ্য, গতবছর দাখিল পরীক্ষায় পুরো সুবর্ণচর উপজেলা থেকে মাত্র দুজন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল, তাদের মধ্যে একজন ছিল তানজিলা। তার অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। চরআমান উল্যাহ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. কামাল উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

চরজব্বর থানার ওসি লুৎফুর রহমান জানান, ঘটনাটি আমরা শুনেছি। খবর পাওয়ার পরপরই পুলিশের একটি টিম ঘটনাস্থলে পাঠানো হয়েছে। তদন্ত সাপেক্ষে বিস্তারিত জানানো হবে।

এর আগে সোমবার দুপুরে কবিরহাট উপজেলার ধানশালিক ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চর মন্ডলিয়া গ্রামে বাড়ির আঙিনায় খেলার সময় বজ্রপাতে মো. আয়মান নামে এক শিশু নিহত হয়। আয়মান ওই এলাকার রফিক মিয়ার ছেলে। স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।অন্যদিকে, সোমবার দুপুরের দিকে হাতিয়া উপজেলার চরঈশ্বর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের পূর্ব গামছাখালী গ্রামে মাঠ থেকে বাদাম তুলে বাড়ি ফেরার পথে বজ্রপাতে আরাফাত নামে এক ব্যবসায়ীর মৃত্যু হয়। নিহতের স্বজনরা জানান, মায়ের চোখের সামনেই বজ্রপাতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। হাতিয়া থানার ওসি কবির হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

## সিরাজগঞ্জ থেকে ছিনতাই হওয়া ট্রাকভর্তি চাল কালিয়াকৈরে উদ্ধার, আটক ২

স্বপন সরকার কালিয়াকৈর (গাজীপুর)

সিরাজগঞ্জ থেকে অস্ত্রের মুখে ছিনতাই হওয়া ৫৯০ বস্তা চালভর্তি ট্রাক কালিয়াকৈর থেকে উদ্ধার করা হয়েছে। তথ্যপ্রযুক্তির সহায়তায় মঙ্গলবার দুপুরে কালিয়াকৈর বাজারে কয়েকটি চালের গোডাউনে অভিযান চালিয়ে লুট হওয়া চাল এবং উপজেলার কেএনবি বাজার থেকে ট্রাকটি উদ্ধার করে পুলিশ।এ ঘটনায় পুলিশ লিটন সরকার এবং সুমন সাহা নামের দুই জনকে আটক করেছে। আটককৃত লিটন সরকার(৪৪) কালিয়াকৈর স্কুল পাড়া এলাকার দিনেশ সরকারের ছেলে এবং সুমন সাহা সিলেট সদর থানার চৌকি দিঘি এলাকার সুশীল সাহার ছেলে (৪২)।

পুলিশ সুত্রে জানা যায়, বগুড়ার শেরপুর থেকে ৫৯০ বস্তা কাটারীভোগ চাল নিয়ে ঢাকার উদ্দেশ্যে রওনা দেওয়া ট্রাকটি সোমবার রাতে সিরাজগঞ্জের কড্ডার মোড় এলাকায় পৌছালে একটি প্রাইভেটকার দিয়ে ব্যারিকেড সৃষ্টি করে দুর্বৃত্তরা। পরে অস্ত্রের মুখে চালক ও হেলপারকে জিম্মি করে হাত-পা ও মুখ বেঁধে সড়কের পাশে ফেলে রেখে চাল ভর্তি ট্রাকটি ছিনতাই করে নিয়ে যায়। ঘটনার পর চালের মালিক মাহবুবুর রহমান সোহেল সিরাজগঞ্জের শীমলা থানায় অভিযোগ দায়ের করেন। শীমলা থানা পুলিশের তথ্যের ভিত্তিতে কালিয়াকৈর থানা পুলিশ তথ্য প্রযুক্তির সহায়তায় অভিযান চালিয়ে উপজেলার কে এনবি বাজার থেকে ট্রাক এবং কালিয়াকৈর বাজারের লিটন সরকারের গোডাউন , স্বপন সাহার গোডাউন, আতাউলের গোডাউন, মোজাম্মেলের গোডাউন এবং মোতালেবের গোডাউন থেকে লুট হওয়া চাল উদ্ধার করে।




## মানিকগঞ্জে ২য় পদ্মা সেতু নির্মাণ করা হবে

### -মানিকগঞ্জে বিমান ও পর্যটন মন্ত্রী রিতা

মজিবর রহমান সাটুরিয়া (মানিকগঞ্জ)

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম রিতা বলেছেন, মানিকগঞ্জের পাটুরিয়া- দৌলতদিয়া নৌরুটে ২য় পদ্মা সেতুর নির্মাণ করা হবে। তিনি ২৮ এপ্রিল (মঙ্গলবার) দুপুরে মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলার ধলেশ্বরী নদী ভাঙন প্রতিরোধে বরাইদের ছনকা এলকায় অস্থায়ী প্রাক প্রতিরক্ষামূলক কাজের শুভ উদ্বোধন করার পরে স্থানীয় সাংবাদিকদের এসব কথা বলেন। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম রিতা আরো বলেন, সম্প্রতি দৌলতদিয়া ঘাট এলাকায় একটি যাত্রীবাহী বাস তীরে উঠতে গিয়ে নদীতে পড়ে অনেক হতাত হয়েছে। আশা করছি আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান মানিকগঞ্জে ২য় পদ্মা সেতু নির্মাণে সহযোগীতা করবেন। তাছাড়া দেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলের ২১ জেলার পথ পাটুরিয়া- দৌলতদিয়া নৌরুটে সেতু নির্মাণের আগে ঘাট সংস্কার কাজও করা হবে শিগ্রই। আফরোজা খানম রিতা আরো বলেন, আজ জিও ব্যাগ ফেলা হয়েছে। মানিকগঞ্জের সব নদী রক্ষায় ধীরে ধীরে সব কাজ শুরু করা হবে। সব কাজ একদিনে করা সম্ভব নয়। এর পর তিনি ছনকা উচ্চ বিদ্যালয় মাঠে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জন সাধারণের উদ্দেশ্যে আরো বলেন, আপনারা অস্থির হবেন না। দৈর্য ধরুন। মাত্র দুই মাসে প্রধানমন্ত্রী তারেক রহমান কত কিছু করল। খাল খনন, ফেমিলি কার্ড, কৃষক কার্ড, ইমামদের সম্মানি দেওয়া শুরু করেছেন। পর্যায়ক্রমে এর পরিধি পারবে। এই যে খাল খনন। কাদের জন্য। এতে কৃষকরা বিনা মূল্যে সেচের ব্যবস্থা হবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম রিতা আরো বলেন, সামনে স্থানীয় নির্বাচন। মেম্বার ও চেয়ারম্যান পদে যোগ্য লোকদের বানাবেন। যাদের ডাকলেই পাওয়া যাবে। আমি ত সবসময় সময় দিতে পারব না। কারন সারা দেশে আমাকে দেখতে হবে। তাই যোগ্যদের জনপ্রতিনিধি বানালে তারা আপনাদের পাশে এসে ধারাবে। রিতা আরো বলেন, স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা নিয়ে রাজনীতি বন্ধ করুন। এসব প্রতিষ্ঠান নিয়ে দন্ধ করা করা যাবে না। সন্তানদের ভবিষ্যৎ চিন্তা করে সব কোন্দল পরিহার করতে হবে। মানিকগঞ্জ জেলা প্রশাসক নাজমুন আরা সুলতানার সভাপতিত্বে বক্তব্য রাখেন পুলিশ সুপার মোহাম্মদ সারওয়ার আলম। এসময় উপস্থিত ছিলেন, মানিকগঞ্জ জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট জামিলুর রশিদ খান, মানিকগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ আক্তারুজ্জামান, সাটুরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইকবাল হোসেন, সহকারী কমিশনার (ভূমি) মৌমিতা গুহ ইভা, সাটুরিয়া উপজেলা বিএনপির সভাপতি আব্দুল কুদ্দুছ খান মজলিশ মাখন, সাধারণ সম্পাদক আবুল বাশার সরকার। এতে মানিকগঞ্জ জেলা ও উপজেলা বিএনপির বিভিন্ন অংগ সংগঠনের নের্তৃবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য নদী ভাঙ্গন প্রতিরোধ কাজটিতে ব্যায় হবে ৪২ লক্ষ টাকা। ৮০ মিটার দৈর্ঘ নদী রক্ষা বাধের কাজটি বাস্তবায়ন করছেন মানিকগঞ্জ পানি উন্নয়ন বোর্ড।

## নওগাঁয় জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

নওগাঁ প্রতিনিধি

নওগাঁয় জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে শোভাযাত্রা, আলোচনাসভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নওগাঁ জেলা লিগ্যাল এইড কমিটির উদ্যোগে জেলা জজকোর্ট চত্বরে এসব অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠান সূচীর অংশ হিসেবে মঙ্গলবার সকাল ১০টায় একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ, রোকনুজ্জামান এর সভাপতিত্ব অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, নওগাঁ জেলা পরিষদের প্রশাসক, আবু বক্কর সিদ্দিক নান্নু, পুলিশ সুপার, তারিকুল ইসলাম, জেলা এ্যাডভোকেট বার এ্যাসোসিয়েশনের সভাপতি এ্যাড. জাহাঙ্গীর আলম, জেলা জজ কোর্টের পিপি এ্যাড. শাহরিয়ার, জিপি এ্যাড. সারোয়ার জাহান বক্তব্য রাখেন। পরে জেলা নওগাঁ জেলা শিল্পকলা একাডেমীর কলা কুশলীরা সংগীত নাটক পরিবেশন করেন। নাটকটি গ্রন্থনা ও নির্দেশনা দিয়েছেন আবৃত্তি ও নাট্যকলা বিভাগের প্রশিক্ষক, শমীম শেখ। অনুষ্ঠানে উন্নয়ন ও মানবাধিকার সংগঠনের প্রযোজনায় আবৃত্তি পরিষদ নওগাঁ গম্ভীরা পরিবেশন করে। গম্ভীরাটি লিখেছেন ও পরিচালনা করেছেন আবৃত্তি পরিষদের সভাপতি, কায়েস উদ্দিন। এতে নানা চরিত্রে অভিনয় করেন, কায়েস উদ্দিন এবং নাতি চরিত্রে অভিনয় করেন মাগফুরুল হাসান বিদ্যুৎ।

## নোয়াখালীতে বজ্রপাতে মাদারাসা ছাত্রীর মৃত্যু

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর সুবর্ণচরে বজ্রপাতের তানজিনা আক্তার (১৭) নামে এক মাদরাসা ছাত্রীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) সকালে উপজেলার চরআমান উল্যাহ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের নয়াপাড়া গ্রামে এই ঘটনা ঘটে। নিহত তানজিনা আক্তার ওই গ্রামের শেখ মোজাম সেন্টুর মেয়ে এবং স্থানীয় চরবাটা ইসলামিয়া ফাজিল মাদরাসার আলিম প্রথম বর্ষের শিক্ষার্থী। স্থানীয় সূত্রে জানা গেছে, তানজিনা সকালে ঘুম থেকে উঠে মুখ ধোয়ার জন্য বাড়ির পুকুরঘাটের যাচ্ছিলো। ওই সময় বজ্রপাতে মৃত্যু হয় তার। চর আমানউল্যাহ ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য (মেম্বার) আবুল বাশার বিষয়টি নিশ্চিত করেছেন।



## নোয়াখালী বিভাগ ও সিটি কর্পোরেশন ঘোষণার দাবিতে মানববন্ধন

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালী বিভাগ ও সিটি কর্পোরেশন ঘোষণার দাবিতে মানববন্ধন করেছে যুবদল। মঙ্গলবার বিকালে ঢাকার রাজপথে এ কর্মসূচি পালিত হয়। মানববন্ধন শেষে পৌর চত্বরে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়। নোয়াখালী জেলা যুবদলের সভাপতি ও বিশিষ্ট সমাজ সেবক মনজুরুল আজিম সুমনের সভাপতিত্বে কর্মসূচিতে বক্তব্য দেন নোয়াখালী জেলার সাংবাদিক, শিক্ষক ও রাজনীতিবিদগন। আলোচনায় নোয়াখালী জেলা যুবদলের সভাপতি ও বিশিষ্ট সমাজ সেবক মনজুরুল আজিম সুমন বলেন, চৌমুহনী পৌরসভা দেশের অন্যতম প্রাচীন পৌরসভা, যার বয়স দেড়শ বছরেরও বেশি। এটি 'ক' শ্রেণির পৌরসভা। দেশের অনেক 'ক' শ্রেণির পৌরসভা ইতোমধ্যে সিটি কর্পোরেশনে উন্নীত হয়েছে, অথচ চৌমুহনী পৌর সভা এখনও সেই স্বীকৃতি পায়নি।" সুমন আরও বলেন, "স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী একটি পৌরসভাকে সিটি কর্পোরেশনে উন্নীত করতে ৮টি শর্ত পূরণের কথা বলা হয়েছে, যার সবগুলোই চৌমুহনী পৌরসভা পূরণ করে। এখানে রয়েছে মেডিকেল কলেজ, সরকারি-বেসরকারি হাসপাতাল, কলেজ, বিশ্ববিদ্যালয়, শিল্প-কারখানা, যেমন চিনিকল ও বিআরবি গ্রুপ, সেতু ও অবকাঠামো সুবিধা এবং প্রায় ৩৯ হাজার হোল্ডিংসহ ৪৩ বর্গকিলোমিটার আয়তন।"

মানববন্ধনে চৌমুহনী পৌর নাগরিক অধিকার পরিষদের সদস্যবৃন্দ, সমাজসেবী, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। মানববন্ধন শেষে পৌর নাগরিকদের অভিযোগ গ্রহণের জন্য পৌর চত্বরে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়। মূলত বৃষ্টিতে ভিজেও ঢাকায় নোয়াখালী বিভাগ ও সিটি কর্পোরেশন দাবির আন্দোলন প্রোগ্রামকে সফল করেছেন মঞ্জুরুল আজিম সুমন।

### সরাইলে নিয়োগ-বাণিজ্যের ভিডিও ভাইরাল

## প্রধান শিক্ষকের বিরুদ্ধে ঘুষ নেয়ার অভিযোগ

সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার নোয়াগাও উচ্চ বিদ্যালয়ে কম্পিউটার ল্যাব সহকারী পদে নিয়োগে বড় ধরনের দুর্নীতির অভিযোগ উঠেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অহিদ হোসেনের ঘুষ লেনদেন সংক্রান্ত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম হোয়াটসঅ্যাপে ছড়িয়ে পড়লে এলাকায় তীব্র ক্ষোভ ও চাঞ্চল্যের সৃষ্টি হয়। ?জানা যায়, ২০২৩ সালে প্রকাশিত পত্র-পত্রিকা বিজ্ঞপ্তি অনুযায়ী নোয়াগাও উচ্চ বিদ্যালয়ে কম্পিউটার অপারেটর ল্যাব সহকারী পদে নিয়োগের প্রক্রিয়া শুরু হয়। উক্ত পদে তায়বুর রহমানসহ মোট চারজন প্রার্থী আবেদন করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর প্রধান শিক্ষকের পছন্দের প্রার্থী তায়বুর রহমানকে নির্বাচিত করা হয়। ভাইরাল ভিডিও ও ঘুষের দাবি ছড়িয়ে পড়া ভিডিওতে প্রধান শিক্ষক অহিদ হোসেনকে অর্থ সংক্রান্ত দরদাম করতে শোনা যায়। সেখানে তিনি বলেন "১০ হাজার টাকা পেয়েছি, আরও ২০ হাজার টাকা দিও।" ভুক্তভোগী তায়বুর রহমান জানান, নিয়োগ পরীক্ষায় প্রথম হওয়ার পর বিদ্যালয়ে নিয়োগপত্র নিতে গেলে প্রধান শিক্ষক তার কাছে 'খরচ বাবদ' ৩০ হাজার টাকা দাবি করেন। তায়বুর তাৎক্ষণিকভাবে ১০ হাজার টাকা প্রদান করেন। কিন্তু বাকি ২০ হাজার টাকা এক সপ্তাহের মধ্যে দিতে না পারায় প্রধান শিক্ষক তার ১০ হাজার টাকা ফেরত দিয়ে দেন। প্রধান শিক্ষক অহিদ হোসেন নিয়োগ বাণিজ্যের বিষয়টি কার্যত স্বীকার করে তিনি বলেন, নিয়োগ প্রক্রিয়ার বিভিন্ন খরচ মেটানোর জন্য ম্যানেজিং কমিটির পরামর্শ অনুযায়ী তিনি টাকা চেয়েছিলেন। তায়বুর বাকি টাকা দিতে না পারায় কমিটির মাধ্যমেই তাকে ১০ হাজার টাকা ফেরত দেওয়া হয়েছে। অতিরিক্ত দায়িত্ব থাকা ?উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (জীবন ভট্টাচার্য): তিনি জানান, আমি নতুন এসেছি অতিরিক্ত দায়িত্বে, আসার পর থেকে শুধু ঝামেলা শুনিতেছি, যে লোক চলতে পারে না সে লোক দিয়ে স্কুল কেমনে চালাব জোর করে। নবাগত ?উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. সাইফুল ইসলাম বলেন, আমি নতুন এসেছি, এ বিষয়ে কোন কিছু জানি না। জনমনে ক্ষোভ একটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের এমন কর্মকাণ্ডে স্থানীয় অভিভাবক ও সচেতন মহলে ব্যাপক সমালোচনা চলছে। স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া বজায় রাখা এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তারা।

## সরাইলে বিকল ট্রাক মেরামতের সময় কাভার্ডভ্যানের ধাক্কায় হেলপার নিহত

সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে ঢাকা-সিলেট মহাসড়কে সড়ক দুর্ঘটনায় নিজাম হাওলাদার (৩৫) নামে এক ট্রাক হেলপার নিহত হয়েছেন। গত সোমবার দিবাগত রাত (মঙ্গলবার) আনুমানিক ১টার দিকে উপজেলার ইসলামাবাদ এলাকায় এই দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, ঢাকা-সিলেট মহাসড়কের সরাইল উপজেলার ইসলামাবাদ এলাকায় একটি ট্রাক বিকল হয়ে পড়লে হেলপার নিজাম হাওলাদার সেটি মেরামতের কাজ করছিলেন। এ সময় পেছন থেকে আসা একটি দ্রুতগামী অজ্ঞাত কাভার্ডভ্যান তাকে সজোরে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। নিহত নিজাম হাওলাদার পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার আমড়াগাছিয়া ইউনিয়নের কালিকাবাড়ি গ্রামের আব্দুল হাকিম হাওলাদারের ছেলে। ?সরাইল খাঁটিহাতা হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আবু তাহের দেওয়ান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে হাইওয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে। ঘাতক কাভার্ডভ্যানটি শনাক্ত করার চেষ্টা চলছে। এই ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।




## উৎসাহ-উদ্দীপনায় পঞ্চগড়ে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

ইকবাল বাহার, পঞ্চগড়

উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পঞ্চগড়ে পালিত হয়েছে জাতীয় আইনগত সহায়তা দিবস। "সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে মঙ্গলবার (২৮ এপ্রিল) সকালে দিবসটি উদযাপন করা হয়। সকালে সারে ৯টায় জেলা জজ আদালত চত্বরে বেলুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন পঞ্চগড় জেলা ও দায়রা জজ (ভারপ্রাপ্ত) এবং জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির চেয়ারম্যান মাহবুব আলী মুরাদ। উদ্বোধনের পর আদালত চত্বর থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। পরে আদালত প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে সভাপতিত্ব করেন মাহবুব আলী মুরাদ এবং প্রধান অতিথি হিসেবেও বক্তব্য দেন তিনি। আলোচনা সভায় আরও বক্তব্য দেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক ফজলুল হক বারী, জেলা পারিবারিক আদালতের বিচারক মোহাম্মদ নুরুজ্জামান, ভারপ্রাপ্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোস্তাকিম ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সুমন চন্দ্র দাস, সিভিল সার্জন ডা. মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার ফরহাদ হোসেন, পঞ্চগড় জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট হাসান মো. আজিজুর রহমান প্রধান, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আবুল কাল, জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট নাজমুল ইসলাম কাজল এবং সরকারি কৌশলী অ্যাডভোকেট আমিনুল ইসলাম। জেলা লিগ্যাল এইড অফিসার লিজেন্ড রায়ের সঞ্চালনায় সভায় জেলা জজ আদালত ও চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারকবৃন্দ, আইনজীবী সমিতির সদস্য, বিচারপ্রার্থী সাধারণ মানুষ এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে সেরা প্যানেল আইনজীবী হিসেবে অ্যাডভোকেট মহসিনা খাতুন ও অ্যাডভোকেট আবুল হোসেনকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হয়।




## গৌরনদীতে কৃষক-কৃষাণীদের পাটনার কংগ্রেস

এস এম মোশাররফ হোসেন গৌরনদী (বরিশাল)

বরিশালের গৌরনদীতে কৃষক-কৃষাণীদের অংশগ্রহণে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনারশিপ অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের আওতায় দিনব্যাপী "পাটনার কংগ্রেস-২০২৬" অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টায় উপজেলা পরিষদ অডিটোরিয়ামে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গৌরনদীর আয়োজনে এ অনুষ্ঠানের সূচনা হয়। শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম মুফতি আব্দুল হালিম। এরপর অতিথিবৃন্দ উত্তম কৃষি চর্চা বিষয়ক স্টল পরিদর্শন করেন। ??অনুষ্ঠানে গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক মোঃ ইব্রাহিম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশালের উপপরিচালক কৃষিবিদ মামুনুর রহমান। ?বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ওপরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ ফখরুল আলম মৃধা গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ তারিক হাসান রাসেল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জাহানারা পারভিন, পার্টনার কংগ্রেস প্রোগ্রামের বরিশাল অঞ্চলের মনিটরিং অফিসার কৃষিবিদ মোঃ রিয়াজ উদ্দিন, গৌরনদী প্রেসক্লাবের সাবেক সভাপতি সিনিয়র সাংবাদিক মোঃ গিয়াসউদ্দিন মিয়া, সহ-সভাপতি এম আলোম, সদস্য সাংবাদিক সোলায়মান তুহিন ও মোঃ লিটন খানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। এছাড়াও উপসহকারী কৃষি কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন মিঠুন বনিক, নুপুর মজুমদার, রিয়াজ হোসেন সরদার ও আবুল কালাম আজাদ। ?অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ সেকেন্দার শেখ। তিনি বলেন, "পার্টনার প্রকল্পের মাধ্যমে আমরা কৃষকদের আধুনিক ও টেকসই কৃষি পদ্ধতির সাথে যুক্ত করতে কাজ করে যাচ্ছি। পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, কৃষিপণ্যের বহুমুখীকরণ এবং উদ্যোক্তা তৈরিড়এই তিনটি বিষয়কে সামনে রেখে আমাদের কার্যক্রম পরিচালিত হচ্ছে। কৃষকদের সক্রিয় অংশগ্রহণই এ উদ্যোগকে সফল করে তুলবে।"

টেকনিক্যাল সেশন উপস্থাপন করেন উপসহকারী কৃষি কর্মকর্তা শাহ মোঃ আরিফুল ইসলাম।কৃষকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মনিরুল ইসলাম বাদল। সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম বলেন, "কৃষিই আমাদের অর্থনীতির প্রাণ। গৌরনদীর কৃষকদের আরও দক্ষ, প্রযুক্তিনির্ভর ও উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হলে এ ধরনের উদ্যোগকে আরও জোরদার করতে হবে। সরকারের বিভিন্ন কৃষিবান্ধব কর্মসূচি মাঠপর্যায়ে বাস্তবায়নের মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি ও জীবনমান উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। আমরা চাই, প্রতিটি কৃষক আধুনিক জ্ঞান ও প্রযুক্তির আলোয় আলোকিত হোক।" ?প্রধান অতিথির বক্তব্যে কৃষিবিদ মামুনুর রহমান বলেন, "পার্টনার প্রকল্প কৃষি খাতে একটি যুগান্তকারী উদ্যোগ। এর মাধ্যমে পুষ্টিসমৃদ্ধ ফসল উৎপাদন, বাজারব্যবস্থার উন্নয়ন এবং গ্রামীণ উদ্যোক্তা সৃষ্টি সম্ভব হচ্ছে। কৃষকদের প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা দিয়ে আমরা একটি টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তুলতে চাই, যাতে দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত হয়।" ?অনুষ্ঠানে বক্তারা আরও বলেন, আধুনিক কৃষি প্রযুক্তির ব্যবহার, কৃষকদের সক্ষমতা বৃদ্ধি এবং বাজার সংযোগ জোরদারের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করা সম্ভব।দিনব্যাপী আয়োজনে বিভিন্ন কৃষি সংশ্লিষ্ট স্টেকহোল্ডার, কৃষক প্রতিনিধি ও স্থানীয় উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। তারা নিজেদের অভিজ্ঞতা ও মতামত তুলে ধরে কৃষি খাতের উন্নয়নে করণীয় বিষয়ে আলোচনা করেন। উল্লেখ্য, বিশ্বব্যাংক ও আইএফএড (IFAD)-এর সহযোগিতায় বাস্তবায়িত পার্টনার প্রকল্পটি দেশের কৃষি ও গ্রামীণ উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপসহকারী কৃষি কর্মকর্তা জালিস মাহমুদ।

## নোয়াখালীতে যুবদল কর্মীকে গুলি ও বিএনপি নেতাকে কোপানোর অভিযোগ জামায়াতের বিরুদ্ধে

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার ছয়ানী ইউনিয়নে প্রতিপক্ষের হামলায় সাইফুল ইসলাম শাকিল নামের যুবদলের এক কর্মী গুলিবিদ্ধ হয়েছেন। এ সময় ইউনিয়ন বিএনপির সহসভাপতি এম আলাউদ্দিনকে কুপিয়ে জখম করা হয়েছে। এ ঘটনায় জন্য বিএনপি কর্মীরা স্থানীয় জামায়াত-শিবিরের কর্মীদের অভিযুক্ত করেছেন। তবে অভিযোগর কথা অস্বীকার করেছেন তারা। সোমবার রাতে নোয়াখালীর বেগমগঞ্জের ছয়ানী ইউনিয়নের জনকল্যাণ নামক স্থানে এ ঘটনা ঘটে। এ ঘটনায় গুলিবিদ্ধ শাকিলকে আশঙ্কাজনক অবস্থায় ঢাকায় পাঠানো হয়েছে। এছাড়া বিএনপি নেতা এম আলাউদ্দিনকে ২৫০ শয্যা নোয়াখালী জেনারেল হাসপাতালে দেওয়া হচ্ছে। হামলায় আহত বিএনপি নেতা এম আলাউদ্দিন বলেন, গতকাল মাগরিবের নামাজের পর ছয়ানী বাজারে কৃষক দলের একটি কর্মসূচি বিভিন্ন ওয়ার্ড থেকে নেতা-কর্মীরা খণ্ড খণ্ড মিছিল নিয়ে আসছিলেন। এ সময় ১ নম্বর ওয়ার্ডের মিছিলে জনকল্যাণ নামক স্থানে হামলা চালানো হয়। মিছিলকারীরা সেখানে থেকে ছয়নী বাজারে কর্মসূচিতে যোগ দেন। কর্মসূচি শেষে ফেরার পথে রাত ৯টার দিকে একই স্থানে তাদেরকে আবারও ধাওয়া করে হামলা চালানো হয়। এ সময় ১ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি সাইফুল ইসলাম শাকিল গুলিবিদ্ধ হন। আহত বিএনপি নেতা জানান, খবর পেয়ে তিনিসহ কয়েকজন বিএনপি নেতা ঘটনাস্থলে ছুটে যান। তাঁর দাবি, এ সময় জামায়াত-শিবিরের কর্মী মোহর আলী, রাকিব, ফরহাদ ও শামছুসহ আরও কয়েকজন তাঁর মাথায় ও পায়ে কুপিয়ে জখম করে। পরে দলীয় নেতা-কর্মীরা শাকিল ও তাঁকে (আলাউদ্দিন) উদ্ধার করে জেলা সদরে ২৫০ শয্যা নোয়াখালী জেনারেল হাসপাতালে নিলে যান। সেখানে শাকিলকে প্রাথমিক চিকিৎসার দিয়ে ঢাকায় পাঠানো হয়। নোয়াখালী হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক মো. শাহরিয়ার বলেন, 'শাকিলের বুকের বামপাশ বিদ্ধ করে বুলেট ফুসফুসে চলে গেছে। উন্নত চিকিৎসার জন্য তাঁকে ঢাকায় পাঠানো হয়েছে।' নোয়াখালী জেলা যুবদলের সভাপতি মঞ্জুরুল আজিম সুমন বলেন, হামলায় আহতদের দেখতে রাতে আমাদের টিম হাসপাতালে গিয়েছে। এ ঘটনার সাথে আহতরা জামায়াত-শিবিরের কর্মীদের জড়িত থাকার কথা জানিয়েছেন। এ ঘটনায় জড়িতদের বিচার দাবি করছি। জামায়াতের বেগমগঞ্জ উপজেলা যুব বিভাগের সভাপতি মো. জাকের হোসেন বলেন, 'ঘটনাটিকে জামায়াতের সঙ্গে জড়িয়ে অপপ্রচারের আমরা তার তীব্র নিন্দা জানাই। এসব ঘটনার সঙ্গে জামায়াতের কোনো সম্পর্ক নেই।' নোয়াখালী জেলা বিএনপির সাবেক সহ-ধর্মবিষয়ক সম্পাদক রনি চৌধুরী ইমন জানান, আমাদের সকলের উচিত দলের আদর্শের প্রতি অবিচল থাকা সেই সাথে উক্ত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

## মেয়ের বিয়ের আগের দিন স্ত্রীকে মেরে ফেললেন স্বামী

নরসিংদী প্রতিনিধি

নরসিংদীর রায়পুরায় মেয়ের বিয়ের টাকা খরচ করাকে কেন্দ্র করে পারিবারিক কলহের জেরে আফিয়া আক্তার (৫০) নামে এক গৃহবধূকে ছুরিকাঘাতে হত্যার অভিযোগ উঠেছে তার স্বামীর বিরুদ্ধে। সোমবার (২৭ এপ্রিল) রাত ১১টার দিকে উপজেলার হাইরমারা ইউনিয়নের হাইরমারা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আফিয়া পাঁচ সন্তানের জননী এবং ওই গ্রামের ইজিবাইক চালক সুজন মিয়ার স্ত্রী।

স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, মঙ্গলবার আফিয়া-সুজন দম্পতির মেজো মেয়ে চাঁদনির বিয়ের কথা ছিল। বিয়ের কেনাকাটার জন্য তাদের বড় মেয়ে ২০ হাজার টাকা পাঠিয়েছিলেন। অভিযুক্ত সুজন মাদকাসক্ত হওয়ায় ওই টাকা থেকে ১০ হাজার টাকা সরিয়ে খরচ করে ফেলেন। এ নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়।

তারা আরও জানান, সুজন দীর্ঘদিন ধরে ইয়াবা ও গাঁজাসহ বিভিন্ন মরণ নেশায় আসক্ত ছিলেন। নেশার টাকার জন্য তিনি প্রায়ই আফিয়াকে মারধর করতেন। সোমবার রাতে ঝগড়ার একপর্যায়ে সুজন ক্ষিপ্ত হয়ে ধারালো ছুরি দিয়ে আফিয়ার বুকে আঘাত করেন। এতে তিনি গুরুতর জখম হয়ে ঘটনাস্থলেই মারা যান। ঘটনার পর থেকেই অভিযুক্ত সুজন পলাতক রয়েছেন।

নিহতের প্রতিবেশী মুবারক হোসেন বলেন, আফিয়াকে সব সময়ই সুজন অত্যাচারের ওপর রাখতো। আফিয়ার বাড়ি থেকে টাকা-পয়সা এনে দেওয়ার জন্য চাপ প্রয়োগ করতো। সুজন গাঁজা খাইতো, নেশা করতো। তাদের মেয়ের আজকে বিয়ে ছিল। টাকাও বলে দিছিল ২০ হাজার, পরে সুজন এই টাকা খরচ করে ফেলে। বিয়ের ঘটনাকে কেন্দ্র করে আফিয়াকে মারছে। কারণ টাকার জন্য নেশা করতে পারে না।

## সাতক্ষীরায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

মীর আবু বকর, সাতক্ষীরা

সাতক্ষীরায় র?্যালি ও আলোচনা সভা, বেলুন ফেস্টুন, শান্তির প্রতীক কবুতর উড়ানো সহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৬ পালিত হয়েছে।"সরকারি খরচে বিরোধ শেষ সবার আগে বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারা দেশের ন্যায় সাতক্ষীরা জেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে ৮ টায় জজ কোর্ট চত্বর থেকে সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান মোহাম্মদ নজরুল ইসলামের নেতৃত্বে বর্ণাঢ্য র?্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে। এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা প্রশাসক আফরোজা আখতার,পুলিশ সুপার মোঃ আরেফিন জুয়েল, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ সাইদুর রহমান, সিভিল সার্জন ডাঃ মোঃ আবদুস সালাম, পিপি এড শেখ আব্দুস সাত্তার, জিপি অসীম কুমার, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পিপি এড আলমগীর আশরাফ প্রমুখ।পরে সকল ১০ টায় একই স্থানে সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান মোহাম্মদ নজরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় বিজ্ঞ বিচারক, প্রশাসনের কর্মকর্তা, জেলা আইনজীবী সমিতির নেতৃবৃন্দ,বিজ্ঞ আইনজীবী,সহ বিভিন্ন এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

## আমতলীতে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

আমতলী (বরগুনা) প্রতিনিধি




"সরকারি খরচে বিরোধ শেষ সবার আগে বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ সকাল ১১টা ৩০ মিনিটের সময়ে বরগুনার আমতলী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিজ্ঞ বিচারক জনাব ইফতি হাসান ইমরান এর নেতৃত্বে এক বর্ণাঢ্য র?্যালি অনুষ্ঠিত হয়। র?্যালি শেষে আদালতের বার ভবনে বিজ্ঞ বিচারক ইফতি হাসান ইমরানের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বরগুনা জেলা জজ কোর্টের অতিরিক্ত পি পি জসিম উদ্দিন ও জনাব মাহবুবুল আলম। বরগুনা জেলা আইনজীবী সমিতির সিনিয়র সদস্য হরিহর চন্দ্র দাস, নুরুল ইসলাম, মিজানুর রহমান সিকদার সহ বিজ্ঞ আইনজীবী বৃন্দ, মহরারগন, সাংবাদিক বৃন্দ সহ আদালত সংশ্লিষ্ট জনসাধারণ।